মুজিবনগরে দুর্গাপূজার প্রস্তুতিমূলক সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৬ শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদযাপন উপলক্ষে মেহেরপুরের মুজিবনগরে পূজামণ্ডপগুলোর নিরাপত্তা, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সার্বিক প্রস্তুতি নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলার বিভিন্ন পূজামণ্ডপের সার্বিক নিরাপত্তা, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, ভক্ত ও দর্শনার্থীদের নিরাপদ চলাচল এবং শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি ও করণীয় নিয়ে আলোচনা করা হয়।

২০২৬ সালে মুজিবনগর উপজেলায় মোট সাতটি পূজামণ্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। এসব পূজামণ্ডপে শান্তিপূর্ণ ও নির্বিঘ্ন পরিবেশে পূজা উদযাপন নিশ্চিত করতে নিরাপত্তা ও আইনশৃঙ্খলা ব্যবস্থাকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

সভায় পূজামণ্ডপগুলোর সার্বিক নিরাপত্তা, স্থানীয় আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং পূজা চলাকালে সম্ভাব্য বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

একই সঙ্গে পূজা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।

সভায় সংশ্লিষ্ট সবাইকে পারস্পরিক সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে পূজার সময় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং ধর্মীয় সম্প্রীতি ও পারস্পরিক সৌহার্দ্য বজায় রাখার আহ্বান জানানো হয়। এছাড়া পূজামণ্ডপ পরিচালনা কমিটি, পূজা উদযাপন পরিষদ, স্বেচ্ছাসেবক, প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় জোরদারের ওপর গুরুত্ব দেওয়া হয়।

সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রুপায়ন দেবের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ফয়েজুর

রহমান ফয়েজ, উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) সেলিম জাহাঙ্গীর, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, উপজেলা জামায়াতের আমির খানজাহান আলী, উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমানসহ উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা, উপজেলা বিজিবি কমান্ডার, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সচিব এবং মুজিবনগর উপজেলার সাতটি পূজামণ্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকরা।

আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন করতে প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, পূজা উদযাপন পরিষদ, মণ্ডপ পরিচালনা কমিটি, স্বেচ্ছাসেবক এবং সর্বস্তরের জনগণের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।

শিশুর অধিকার রক্ষা করা আমাদের সবার দায়িত্ব

“শিশুরা কোনো বোঝা নয়, তারাই আগামী দিনের ভবিষ্যৎ। প্রতিটি শিশুর শিক্ষা, নিরাপত্তা, সুস্থভাবে বেড়ে ওঠা ও নিজের অধিকার পাওয়ার নিশ্চয়তা দিতে আমাদের সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। একটি শিশুও যেন নির্যাতন, অবহেলা, বৈষম্য ও শিশুশ্রমের শিকার না হয় এ বিষয়ে পরিবার ও সমাজকে আরও সচেতন হতে হবে।”

সোমবার বিকেলে গুড নেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

তিনি আরও বলেন, “আমরা এখানে এসে প্রথমেই বৃক্ষরোপণ করেছি। পরিবেশের ভারসাম্য রক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি

শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযানে বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষার্থী ও গুড নেইবার্সের ভলান্টিয়াররা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

“শিক্ষকদের পাশে দাঁড়ানো: পেশা সুরক্ষা, এর মর্যাদা বৃদ্ধি এবং আমাদের ভবিষ্যৎ গঠনে ৬০ বছর”—এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে পালিত হচ্ছে বিশ্ব শিক্ষক দিবস ২০২৬।

দিবসটি উপলক্ষে সোমবার সকাল ১১টায় মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজন করা হয়েছে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা।

উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত এ কর্মসূচিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার রূপায়ণ দেব। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার হাসনাইন কবির এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

শিক্ষক সমাজের মর্যাদা বৃদ্ধি, পেশাগত নিরাপত্তা নিশ্চিতকরণ এবং শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরার পাশাপাশি দিবসটির তাৎপর্য নিয়ে আলোচনা হবে।

প্রধান অতিথি বলেন, একটি জাতির ভবিষ্যৎ বিনির্মাণে শিক্ষকদের ভূমিকা অপরিসীম। তাই শিক্ষকদের পেশাগত মর্যাদা, অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি সমাজে তাদের যথাযথ সম্মান প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্ব শিক্ষক দিবসের কর্মসূচি বিশেষ গুরুত্ব বহন করে।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত র্যালি ও আলোচনা সভাকে ঘিরে মুজিবনগরের শিক্ষক ও শিক্ষা সংশ্লিষ্টদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

মুজিবনগরে পেঁয়াজ সংরক্ষণে ১৬০ কৃষকের মাঝে এয়ার ফ্লো মেশিন বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় পেঁয়াজ সংরক্ষণে কৃষকদের সহায়তায় এয়ার ফ্লো মেশিন বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। রোববার সকাল ১০টায় মুজিবনগর উপজেলা কৃষি অফিসের হলরুমে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা কৃষি অফিসের উদ্যোগে উপজেলার বিভিন্ন গ্রামের পেঁয়াজচাষি কৃষকদের মাঝে এসব এয়ার ফ্লো মেশিন বিতরণ করা হয়। এদিন উপজেলার মোট ১৬০ জন কৃষকের মাঝে এয়ার ফ্লো মেশিন বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার রূপায়ণ দেব। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মমিন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি আলহাজ্ব মুন্সী ওমর ফারুকসহ কৃষি বিভাগের কর্মকর্তা ও সংশ্লিষ্ট কৃষকেরা।

কৃষি অফিস সূত্রে জানা যায়, পেঁয়াজ সংরক্ষণের সময় আর্দ্রতা ও পর্যাপ্ত বায়ু চলাচলের অভাবে সংরক্ষিত পেঁয়াজ নষ্ট হওয়ার আশঙ্কা থাকে। এয়ার ফ্লো মেশিন ব্যবহারের মাধ্যমে সংরক্ষণাগারে প্রয়োজনীয় বায়ু চলাচল নিশ্চিত করে পেঁয়াজের সংরক্ষণকাল বাড়ানো এবং কৃষকের সংরক্ষণজনিত ক্ষতি কমানো সম্ভব হবে।

উপজেলার বিভিন্ন গ্রামের পেঁয়াজচাষিদের মাঝে এ মেশিন বিতরণের ফলে পেঁয়াজ সংরক্ষণে কৃষকদের সক্ষমতা বাড়বে এবং উৎপাদিত পেঁয়াজের

ন্যায্যমূল্য পাওয়ার ক্ষেত্রেও তারা উপকৃত হবেন বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীনের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীন আর নেই। গতকাল বৃহস্পতিবার রাত ১০টার দিকে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৫ বছর। তাঁর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ৯টায় মোনাখালী ফুটবল খেলার মাঠে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে মোনাখালী কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা জসিম উদ্দিন মোনাখালী গ্রামের দক্ষিণপাড়ার মৃত নিয়ামত শেখ এর ছেলে।

এ সময় বীর মুক্তিযোদ্ধার মৃতদেহ জাতীয় পতাকায় আচ্ছাদিত করে রাষ্ট্রের পক্ষে তার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ফয়েজুর রহমান ফয়েজ, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ তদন্ত সেলিম জাহাঙ্গীর বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, এসময় মেহেরপুর পুলিশ লাইনের একটি চৌকস পুলিশ দল বীর মুক্তিযোদ্ধাকে গার্ড অফ ওনার প্রদান করে এ সময় বিউগলে করুন সুর বেজে ওঠে। গার্ড অফ অনার শেষে তাঁর আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়।

এসময় বীর মুক্তিযোদ্ধা আলতাব হোসেন বীর মুক্তিযোদ্ধা হাজী নজরুল ইসলাম বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব:) আব্দুল মালেক, উপজেলার বীর মুক্তিযোদ্ধা এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মহান মুক্তিযুদ্ধে বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীনের অবদান জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। তাঁর মৃত্যুতে পরিবার-পরিজন, স্বজন ও এলাকাবাসীর মধ্যে শোকের আবহ বিরাজ করছে।

মহান মুক্তিযুদ্ধের এই বীর সন্তানের মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন এলাকাবাসী। তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন তাঁরা।

মুজিবনগরে এনসিপির উপজেলার আহ্বায়ক কমিটির (আংশিক) অনুমোদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মেহেরপুর জেলা শাখার আওতাধীন মুজিবনগর উপজেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে আগামী ছয় মাসের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

অনুমোদিত কমিটিতে আহ্বায়ক হিসেবে মো. নাহিদ ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে মো. রবিউল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক হিসেবে সজিব হাসান, হাফেজ ক্বারী মো. মনিরুল ইসলামের নাম উল্লেখ রয়েছে।

এ ছাড়া সদস্য সচিব হিসেবে মো. মাহফুজুর রহমান, সিনিয়র যুগ্ম সদস্য সচিব হিসেবে মো. সজিব শেখ এবং যুগ্ম সদস্য সচিব হিসেবে মো. শহিদ রানা, মো. জহিরুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে।

কমিটিতে সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. রাকিব হাসান এবং সহ-সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. জিহাদ উদ্দিন, রকি পিয়াদার নাম রয়েছে।

জেলা শাখার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, অনুমোদিত কমিটিকে

আগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি প্রণয়ন করে জেলা কমিটির দপ্তরে জমা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

নতুন এ কমিটির মাধ্যমে মুজিবনগর উপজেলায় এনসিপির সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

মুজিবনগরে কাবাডি চ্যাম্পিয়নশিপের ইউনিয়ন পর্যায়ে দুটি খেলা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর থানার আয়োজনে শুরু হয়েছে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ২০২৬। খেলাধুলার মাধ্যমে তরুণ সমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রাখা এবং পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে এ আয়োজন করা হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) মুজিবনগরের শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ এবং দারিয়াপুর ফুটবল মাঠে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে চ্যাম্পিয়নশিপের মোনাখালী ইউনিয়ন ও দারিয়াপুর ইউনিয়ন পর্যায়ের দুটি কাবাডি খেলা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পর্যায়ের কাবাডি প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস।

মোনাখালী ইউনিয়ন পর্যায়ের খেলায় উপস্থিত ছিলেন নগর থানার ওসি (তদন্ত) সেলিম জাহাঙ্গীর, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি খাইরুল বাশার, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবির, ইউনিয়ন জামায়াতে ইসলামীর সভাপতি মোখলেসুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স।

দারিয়াপুর ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত কাবাডি খেলায় উপস্থিত ছিলেন দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক জিয়াউর রহমান।

এ সময় মুজিবনগর থানার পুলিশ কর্মকর্তাসহ স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং ক্রীড়াপ্রেমীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আয়োজক ও অতিথিরা বলেন, “মাদককে না বলি, কিশোর গ্যাং নির্মূল করি, সুস্থ সুন্দর জীবন গড়ি”—এই বার্তাকে সামনে রেখে কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে আরও শক্তিশালী করতে খেলাধুলার আয়োজন করা হয়েছে। কাবাডির মতো গ্রামীণ ঐতিহ্যবাহী খেলাকে জনপ্রিয় করার পাশাপাশি তরুণদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা আরও বলেন, খেলাধুলা মানুষের মধ্যে শৃঙ্খলা, সৌহার্দ্য ও পারস্পরিক সহযোগিতার মনোভাব তৈরি করে। পুলিশের সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণমূলক সম্পর্ক আরও দৃঢ় করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন গ্রাম থেকে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে এ আয়োজনকে ঘিরে ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন করলেন এমপি শওকত আরা আক্তার

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন করেছেন সংরক্ষিত মহিলা আসন-৩৩ এর সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আক্তার উর্মি। শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকালে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সে পৌঁছালে বিএনপির নেতাকর্মীরা তাকে ফুলেল শুভেচ্ছা জানান।

এ সময় নেতাকর্মী ও স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে তাকে শুভেচ্ছা ও কুশল বিনিময় করেন তিনি।

পরে সংসদ সদস্য শওকত আরা আক্তার উর্মি ঐতিহাসিক মুজিবনগর স্মৃতি

কমপ্লেক্সের বিভিন্ন স্থান ঘুরে দেখেন। পরিদর্শনকালে তিনি ঐতিহাসিক স্থাপনাগুলো সম্পর্কে খোঁজখবর নেন এবং সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন।

এ সময় তিনি স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন, সাংগঠনিক কার্যক্রমের খোঁজখবর নেন এবং ঐতিহাসিক মুজিবনগরের স্মৃতিবিজড়িত স্থান পরিদর্শন করেন। নেতাকর্মীদের মধ্যে পারস্পরিক ঐক্য, শৃঙ্খলা ও জনসম্পৃক্ততা আরও জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

মুজিবনগরের ইতিহাস, ঐতিহ্য ও রাজনৈতিক-সাংগঠনিক কর্মকাণ্ডকে সামনে রেখে মানুষের পাশে থেকে গঠনমূলক ও জনকল্যাণমুখী কার্যক্রম এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করা হয়।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন,সাধারন সম্পাদক কামরুল হাসান,মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম,সাধারন সম্পাদক মশিউর রহমানসহ আরো উপস্থিত ছিল মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল ছাত্রদল ও অন্যান্য অঙ্গ সংগঠন নেতৃবৃন্দ।

মুজিবনগরে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপের শুভ উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগর থানার আয়োজনে শুরু হয়েছে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ২০২৬। খেলাধুলার মাধ্যমে তরুণ সমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রাখা এবং পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে এ আয়োজন করা হয়েছে।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে চ্যাম্পিয়নশিপের শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উত্তম কুমার দাস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলার

উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

এ সময় মুজিবনগর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মশিউর রহমান, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম,মুজিবনগর উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম,বাগোয়ান ইউনিয়ন জামায়াত ইসলামির আমির ফারুক হুসাইন,উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান,মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, জামায়াত ইসলামী নেতা হাফিজুর রহমান,,পুলিশ কর্মকর্তাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং ক্রীড়াপ্রেমীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আয়োজকরা বলেন, “মাদককে না বলি, কিশোর গ্যাং নির্মূল করি, সুস্থ সুন্দর জীবন গড়ি”—এই বার্তাকে সামনে রেখে কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে আরও শক্তিশালী করতে খেলাধুলার আয়োজন করা হয়েছে। কাবাডির মতো গ্রামীণ ঐতিহ্যবাহী খেলাকে জনপ্রিয় করার পাশাপাশি তরুণদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা বলেন, খেলাধুলা মানুষের মধ্যে শৃঙ্খলা, সৌহার্দ্য ও পারস্পরিক সহযোগিতার মনোভাব তৈরি করে। পুলিশের সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণমূলক সম্পর্ক আরও দৃঢ় করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উদ্বোধনের পর অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে এ আয়োজনকে ঘিরে ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

উক্ত কাবাডী খেলায় জয়পুর-তারানগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে আনন্দবাস মিয়া মুনসুর একাডেমী টিম জয়লাভ করে।

মুজিবনগরে খুচরা সার সরবরাহের দাবিতে ইউএনও ও কৃষি কর্মকর্তার কাছে স্মারকলিপি

মুজিবনগরে খুচরা পর্যায়ে বিক্রেতাদের সার সরবরাহের দাবিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও উপজেলা কৃষি কর্মকর্তার কাছে স্মারকলিপি দিয়েছেন মুজিবনগর উপজেলা খুচরা সার ও বালাইনাশক ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ।

বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে সমিতির উদ্যোগে এ স্মারকলিপি প্রদান করা হয়। এতে নেতৃত্ব দেন মুজিবনগর উপজেলা খুচরা সার ও বালাইনাশক ব্যবসায়ী সমিতির সভাপতি সোহরাবদ্দীন, সহ-সভাপতি আবু সাঈদ ও সাধারণ সম্পাদক কলিমুদ্দিন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে স্মারকলিপি দেওয়ার জন্য ব্যবসায়ীরা উপস্থিত হলেও ওই সময় তারা দুজনই অফিসে না থাকায় স্মারকলিপি দুটি উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলামের কাছে হস্তান্তর করা হয়।

এ বিষয়ে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলাম জানান, কৃষি অফিসে খুচরা সার বিক্রেতাদের তালিকা রয়েছে। তবে যারা আজ স্মারকলিপি দিয়েছেন, তারা ডিলারদের কাছ থেকে সার কিনে ভোক্তাদের কাছে বিক্রি করেন। তাঁর দাবি, এভাবে সার বিক্রি করা আইনগতভাবে অপরাধ।

এ সময় খুচরা সার ও বালাইনাশক ব্যবসায়ী সমিতির সভাপতি সোহরাবদ্দীন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলামকে বলেন, খুচরা পর্যায়ে সার বিক্রির সুযোগ না দেওয়া হলে তারা পুরো উপজেলার সার ও বালাইনাশকের দোকান বন্ধ করে দেবেন।